রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৭ সনের ১৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৬, ২০১৭

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৬৭—১৭৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪৬৭—৫২৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৯—৮০ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩২১—৩৫১ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**পরিবহন অধিশাখা**

**আদেশ**

তারিখ, ০৩ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ/১৬ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১২১.০২৮.৪৫.১১-৪৮**—আমি আদিষ্ট হয়ে সিলেট জেলার ওসমানীনগর এবং খাগড়াছড়ি জেলার গুইমারা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের গাড়িচালকের জন্য জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ৯৩০০—২২৪৯০/-টাকা বেতনক্রমে ০১(টি) করে ২(দুই)টি গাড়ি চালকের পদ আদেশ জারির তারিখ হতে ৩১-০৫-২০১৭ তারিখ পর্যন্ত অস্থায়ীভাবে সৃজনের সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

২। উল্লিখিত পদের বেতন-ভাতা সংক্রান্ত যাবতীয় ব্যয় সরকারি যানবাহন অধিদপ্তরের অধীন সরকারি সড়ক পরিবহন এর হিসাব কোড নং ৩-০৭৬১-০০০৫-৪৬০০, ৪৭০০ এবং ৪৮০০ প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন, ভাতাদি এবং সরবরাহ ও সেবা খাতে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**মালেকা খায়রুন্নেছা**
উপসচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বাণিজ্যিক ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৯ জানুয়ারি ২০১৭

**নং ৫৩.০০.০০০০.৩১২.১১.০০১.১৭-২৬**—গ্রামীণ ব্যাংক আইন ২০১৩ (২০১৩ সনের ৫৬নং আইন) এর ধারা ১১ এবং ১০(১) মোতাবেক অধ্যাপক খন্দকার মোজাম্মেল হক, প্রাক্তন

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.

সিনিয়র রিসার্চ স্কলার অক্সফোর্ড ইউনিভার্সিটি-কে দ্বিতীয় মেয়াদে ১০-১১-২০১৬ তারিখ হতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য গ্রামীণ ব্যাংক পরিচালনা পর্ষদে পরিচালক ও চেয়ারম্যান হিসেবে নিয়োগ করা হল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১২.১১.০০১.১৭-২৭**—গ্রামীণ ব্যাংক আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৬নং আইন) এর ধারা ১১ মোতাবেক জনাব সুরাইয়া বেগম, সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়-কে দ্বিতীয় মেয়াদে ১০-১১-২০১৬ তারিখ হতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য গ্রামীণ ব্যাংক পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ করা হল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মতিয়ার রহমান**
উপসচিব।

---

**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ জানুয়ারি ২০১৭

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০১১.১৭-৬৩**—দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিমিটেড এর পরিমেল বিধির ২৫ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর জনাব এস. এম. মনিরুজ্জামান-কে দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিমিটেড এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ১০ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং আর-৬/৭এন-৩৭/২০১৬-১৩**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোহাঃ মনোয়ার হোসেন, পিতা জনাব মোহাঃ আমজাদ হোসেন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে সকার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নেবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিলঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ১৫ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং আর-৬/৭এন-৪২/২০১৬-১৪**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ মাসুদুর রশীদ, পিতা মরহুম মোঃ আবদুল খালেক-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে সকার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নেবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিলঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

---

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ০৩ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-১০২/২০১৪-৭**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব কুমার বিশ্বজিত চৌধুরী, পিতা বিশ্বনাথ চৌধুরী, মাতা শ্রী মতি লক্ষী রানী চৌধুরী, গ্রাম বাজেবড়শো, ডাকঘর কালিগঞ্জ হাট, উপজেলা তানোর, জেলা রাজশাহী) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজশাহী জেলার তানোর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ০৮ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-২১/৯৮-১৫**—নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোঃ মোকাদ্দিম হোসেন ৫নং বাকশিমইল ইউনিয়নের নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলে আপনি মাননীয় হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১১১৯/২০১৩ মামলা দায়ের করেন, উক্ত রীট পিটিশন নং-১১১৯/২০১৩ মামলার বিগত ১৫-০২-২০১৬ খ্রিস্টাব্দ তারিখের রায়ের আলোকে এবং মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩) এর ডি.ও পত্রের সুপারিশের প্রেক্ষিতে ৫নং বাকশিমইল ইউনিয়নের নিকাহ্ রেজিস্ট্রার হিসেবে আপনাকে পুনঃবহাল করা হলো।

তারিখ, ১৫ জানুয়ারি ২০১৭ ইং

**নং বিচার-৭/২এন-৮১/৮৩(অংশ)-৪৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোহাম্মদ মাহমুদ হুছাইন, পিতা মৃত মোঃ সিরাজুল হক, মাতা হালিমা খাতুন, গ্রাম ইব্রাহিমপুর, ডাকঘর ইব্রাহিমপুর, উপজেলা নবীনগর, জেলা ব্রাহ্মণবাড়ীয়া) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্রাহ্মণবাড়ীয়া জেলার নবীনগর উপজেলার ১৫নং ইব্রাহিমপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-২১/৯৪-৪৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব যোবায়ের আহমদ, পিতা মোঃ হরমুজ মিয়া, মাতা জবারুন নেছা, গ্রাম কামুদপুর, ডাকঘর কমলগঞ্জ, উপজেলা কমলগঞ্জ, জেলা মৌলভীবাজার) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলার ০৬নং আলীনগর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ১৬ জানুয়ারি ২০১৭ ইং

**নং বিচার-৭/২এন-১২/৮০(অংশ)-৪৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আব্দুর রাজ্জাক, পিতা মৃত সহিদুর রহমান, মাতা মোছাঃ আনোয়ারা বেগম, গ্রাম উত্তর ঢাকডহর, ডাকঘর নারায়নপুর, উপজেলা নাগেশ্বরী, জেলা কুড়িগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলার ১২নং নারয়নপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ১৭ জানুয়ারি ২০১৭ ইং

**নং বিচার-৭/২এন-৯৭/৮৭-৫০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ মঞ্জুরুল হক, পিতা মোঃ জসিম উদ্দিন, মাতা মোছাঃ রাহিমা খাতুন, গ্রাম শৌলঘাই, ১নং মইলাকান্দা ইউনিয়ন, ৮নং ওয়ার্ড, ডাকঘর গোবিন্দপুর, উপজেলা গৌরীপুর, জেলা ময়মনসিংহ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার ০১নং মইলাকান্দা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**জি. এম নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

---

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়**
**ত্রাণ প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং ৫১.০০.০০০০.৪১০.১৮.০৩৫.১২-২০**—যেহেতু, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরাধীন নওগাঁ জেলার আত্রাই উপজেলার প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব নভেন্দু নারায়ন চৌধুরী-কে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রংপুর কর্তৃক লালমনিরহাট জেলার কালিগঞ্জ থানায় ৩০-১২-২০১৪ খ্রিঃ তারিখে দায়েরকৃত ৩৫নং মামলায় ১৪-০৬-২০১৬ খ্রিঃ তারিখে গ্রেফতার করে কারাগারে প্রেরণ করা হয়েছে।

সেহেতু, এক্ষণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১নং বিধি অনুযায়ী জনাব নভেন্দু নারায়ন চৌধুরী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আত্রাই, নওগাঁ-কে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। তাঁর বিরুদ্ধে উল্লিখিত বিধিমালা অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হচ্ছে।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ১৪-০৬-২০১৬ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শাহ্ কামাল**
সচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৯ পৌষ ১৪২৩/০২ জানুয়ারি ২০১৭

**নং ৩৯.০০.০০০০.০০৯.০৭১.১৯.১৬/৬**—বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ফেলো বাছাইয়ের জন্য নীতিমালা প্রণয়নের জন্য নির্দেশিত হয়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

১। জনাব মোহাম্মদ আবদুল মাননান, অতিরিক্ত সচিব (বিঃ প্রঃ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একজন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিম্নে নয়)

৩। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা বিভাগের একজন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিম্নে নয়)

৪। জনাব মোঃ সামছুল আলম, পরিচালক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, আগারগাঁও, ঢাকা

**সদস্য-সচিব**

৫। জনাব মোঃ মিজানুর রহমান, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), বঙ্গবন্ধু ফেলোশিপ প্রকল্প, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), ড. কুদরত-ই-খুদা রোড, ধানমন্ডি, ঢাকা

২। **কর্মপরিধি:**

(গ) কমিটি আগামী ০১(এক) মাসের মধ্যে খসড়া বিধি প্রণয়নপূর্বক উপস্থাপন করবে।

**নং ৩৯.০০.০০০০.০০৯.০৭১.১৯.১৬/৭**—বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের জনবলের সংখ্যা নির্ধারণ, অর্গানোগ্রাম ও প্রবিধানমালা প্রণয়নের জন্য নির্দেশিত হয়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

১। জনাব মোহাম্মদ আবদুল মাননান, অতিরিক্ত সচিব (বিঃ প্রঃ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের একজন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিম্নে নয়)

৩। অর্থ বিভাগের একজন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিম্নে নয়)

৪। জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিম্নে নয়)

**সদস্য-সচিব**

৫। ড. মোঃ গোলাম মোস্তফা, উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

২। **কর্মপরিধি:**

(ঘ) কমিটি আগামী ০১(এক) মাসের মধ্যে খসড়া বিধি প্রণয়নপূর্বক উপস্থাপন করবে।

**ড. মোঃ গোলাম মোস্তফা**
উপসচিব।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
### শাখা-৬

### প্রজ্ঞাপন

তারিখ, ২৮ পৌষ ১৪২৩/১১ জানুয়ারি ২০১৭

**নং ৪৩.০০.০০০০.১১৪.০০৬.৩১.২০০৯-২৪**—১৯৬৮ ইং সালের (১৪নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল:

| ক্রমিক নং | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | ভাওয়াল রাজবাড়ী পোঃ জয়দেবপুর উপজেলা-গাজীপুর সদর। জেলা-গাজীপুর। | জয়দেবপুর | সি.এস | এস.এ | | | উত্তরে দাগ নং-৬১৫ ও ৬১৬<br>দক্ষিণে দাগ নং-৬১৯ দাগের সরকারি রাস্তা<br>পূর্বে দাগ নং-৬৩৮, ৬৪০ ও ৬৪২<br>পশ্চিমে দাগ নং-৬১০ ও ৬১১ | সরকারি সম্পত্তি | | |
| | | | ১ | ৪ | ৬১২ | ০.২৪ | | | | |
| | | | ৩২১ | ৫৩ | ৬১৩ | ০.৭৩ | | | | |
| | | | ১ | ৪ | ৬১৪ | ৬.৭৫ | | | | |
| ২। | ভাওয়াল রাজ পরিবারের মঠ | জয়দেবপুর | ৪-৮ | | ৭০১ | ৪.০১ | উত্তরে দাগ নং-৭০০, ৫৭১<br>দক্ষিণে দাগ নং-৭০৩, ৭০৫<br>পূর্বে দাগ নং-৭৬৬<br>পশ্চিমে দাগ নং-৬৯৬, ৬৯৭, ৬৯৮ ও ৬৯৯ | কোর্ট অব ওয়ার্ডস ভাওয়াল রাজ এস্টেট গাজীপুর। | সম্মত। | |
| | | | | | | ১১.৭৩ | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউদ্দিন ভূঁঞা**
সহকারী সচিব।

---

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
### ক্রীড়া-১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২ পৌষ ১৪২৩/০৩ জানুয়ারি ২০১৭

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-০৬**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বাংলাদেশ ভারোত্তোলন ফেডারেশনের সভাপতি জনাব মঞ্জুর কাদের কোরাইশীকে বাংলাদেশ ভারোত্তোলন ফেডারেশন এর সভাপতি পদের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-০৭**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বর্ডার গার্ড বাংলাদেশের মহাপরিচালক মেজর জেনারেল আবুল হোসেন-কে বাংলাদেশ ভারোত্তোলন ফেডারেশনের সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সিরাজুছ ছালেকীন**
সহকারী সচিব।

## নৌ-পরিবহন মন্ত্রণালয়
### প্রশাসন-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২৭ পৌষ ১৪২৩/১১ ডিসেম্বর ২০১৬

**নং ১৮.০০.০০০০.০১৭.০৭.০০১.১৬-২৫৩**—ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের টিওএন্ডই'তে ১৭টি কম্পিউটার, ১ সেট (১৬ পিছের) ক্লোজ সার্কিট ক্যামেরা, একটি পাবলিক এড ড্রোসার (পিএ) সিস্টেম, ৪টি প্রজেক্টর, সাউন্ড সিস্টেম-১ সেট, জিএমডিএস ইকুইপমেন্ট ১ সেট এবং ৫টি আইপিএস অন্তর্ভুক্ত করা হলো। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেবেকা সুলতানা**
সিনিয়র সহকারী সচিব।

## বিমান শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ০৮ নভেম্বর ২০১৬

**নং ৩০.০০.০০০০.০১৭.১৮.০১০.১৬-৭৬০**—হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে যাত্রী সেবার মান বৃদ্ধির লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৯-১০-২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত (নং-২১) অনুযায়ী উক্ত বিমানবন্দরের রপ্তানিযোগ্য কৃষি পণ্য স্ক্যান হওয়ার পরে কিভাবে নিরাপত্তা বজায় রেখে রপ্তানি কার্গোতে আনা যায় সে বিষয়ে কর্মপন্থা/কৌশল নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

১ জনাব মোঃ ওবায়দুল আজম, যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২ জনাব মোঃ মাহবুবুল ইসলাম, যুগ্মসচিব, কৃষি মন্ত্রণালয়

৩ গ্রুপ ক্যাপ্টেন মোঃ আলমগীর, সিনিয়র এভিয়েশন সিকিউরিটি কনসালটেন্ট এন্ড ইন্সপেক্টর, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

৪ জনাব ইফতেখার হোসেন চৌধুরী, উপ-মহাব্যবস্থাপক (কার্গো), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড

**২। কমিটির কার্যপরিধিঃ**

(ক) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের রপ্তানিযোগ্য কৃষি পণ্য স্ক্যান হওয়ার পরে কিভাবে নিরাপত্তা বজায় রেখে রপ্তানি কার্গোতে আনা যায় সে বিষয়ে কর্মপন্থা/কৌশল নির্ধারণ;

(খ) কমিটি আগামী সভায় এ বিষয়ে একটি প্রতিবেদন উপস্থাপন করবে; এবং

(গ) কমিটি যে কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৮ নভেম্বর ২০১৬

**নং ৩০.০০.০০০০.০১৭.১৭.০০৪.১৫-৭৯৯**—গত ২৭-১১-২০১৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর হাঙ্গেরী গমনের লক্ষ্যে বিমানে ভ্রমণকালে বিমানের বিশেষ ফ্লাইটে যান্ত্রিক ত্রুটির কারণে তুর্কমেনিস্তানের আশখাবাদ আন্তর্জাতিক বিমানবন্দরে পাইলট জরুরিভিত্তিতে উড়োজাহাজটি অবতরণ করাতে বাধ্য হয়। বিষয়টি তদন্ত করে দায়-দায়িত্ব নিরূপণের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

১ অতিরিক্ত সচিব (প্রশাসন ও পর্যটন), এ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২ প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি

৩ পরিচালক (ফ্লাইট সেফটি এন্ড রেগুলেশন), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

৪ পরিচালক (ইঞ্জিনিয়ারিং ও মেটারিয়াল মেনেজম্যান্ট), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড

**২। কার্যপরিধিঃ**

(ক) মাননীয় প্রধানমন্ত্রীকে পরিবহনকারী বিমানের বিশেষ ফ্লাইটে ত্রুটির কারণ খতিয়ে দেখা, এ বিষয়ে সুনির্দিষ্ট দায়-দায়িত্ব নিরূপণ এবং এ বিষয়ে ভবিষ্যতে আরো সতর্কতামূলক কার্যক্রমের সুপারিশ;

(খ) কমিটি আগামী ০৭(সাত) দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবে;

(গ) কমিটি প্রয়োজনে যে কোন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ০৯ জানুয়ারি ২০১৭

**নং ৩০.০০.০০০০.০১৭.০৬.০১৬.১৪-২৭**—বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর ৩য় পর্যায়ে ক্রয়কৃত ০২(দুই)টি ৭৩৭-৮০০ উড়োজাহাজের ডেলিভারী পেমেন্ট বাবদ অর্থ Re-Financing এর লক্ষ্যে অনমনীয় ঋণ বিষয়ক স্থায়ী কমিটির (Standing Committee on Non-Concessional Loan) অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপনের পূর্বে ঋণদাতা আর্থিক প্রতিষ্ঠান এর সাথে Negotiation করার লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

১. জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-সচিব (ফোবা-২ অধিশাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

**সদস্যবৃন্দ**

২. জনাব কাজী নাহিদ রসুল, সিনিয়র সহকারী সচিব, অর্থ বিভাগ।

৩. জনাব মোঃ সারোয়ার হোসেন, যুগ্ম-পরিচালক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

৪. জনাব মোঃ বেলায়েত হোসেন, পরিচালক (পরিকল্পনা), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড।

৫. জনাব ভিনিট স্যুড, পরিচালক (অর্থ), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড।

৬. জনাব আজরা নাসরিন, উপ-মহাব্যবস্থাপক (আইন), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড।

**২। কার্যপরিধিঃ**

(ক) বর্ণিত উড়োজাহাজ দু'টির পুন:অর্থায়ন (Re-Financing) ব্যয়হ্রাস করা;

(খ) কমিটি আগামী অনমনীয় ঋণ বিষয়ক স্থায়ী কমিটির (Standing Committee on Non-Concessional Loan) সভার পূর্বেই Negotiation কাজ সম্পন্ন করবে;

(গ) কমিটি প্রয়োজনে যে কোন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১১ জানুয়ারি ২০১৭

**নং ৩০.০০.০০০০.০১৭.০৬.০০১.৯৯(অংশ)-৩৩**—গত ৬ জুলাই ২০১৭ এ জারিকৃত "Bangladesh Biman Corporation (Amendment) Oridinance, 2007" এর আলোকে করপোরেশন হতে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের পরিচালনা পর্ষদ 'The Companies Act, 1994' এর আওতায় স্বাক্ষরিত Articles of Association of Biman Bangladesh Airlines Limited এর অনুচ্ছেদ-৩৮ অনুযায়ী বিমানের সার্বিক উন্নয়ন এবং কর্মকাণ্ডে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ২০১৭ সালের জন্য নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১ | এয়ার মার্শাল মোহাম্মদ ইনামুল বারী, বিবিপি, এনডিইউ, পিএসসি সাবেক বিমান বাহিনী প্রধান | চেয়ারম্যান |
| ২ | সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | পরিচালক |
| ৩ | সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | পরিচালক |
| ৪ | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | পরিচালক |
| ৫ | জনাব মোঃ নজরুল ইসলাম খান, সাবেক সচিব | পরিচালক |
| ৬ | সহকারী বিমান বাহিনী প্রধান (অপারেশন এন্ড ট্রেনিং) | পরিচালক |
| ৭ | ইঞ্জিনিয়ার ইন চীফ, বাংলাদেশ সেনাবাহিনী | পরিচালক |
| ৮ | চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | পরিচালক |
| ৯ | জনাব তাপস কুমার রায়, সাবেক অতিরিক্ত সচিব | পরিচালক |
| ১০ | জনাব মোঃ সিদ্দিকুর রহমান, সভাপতি, বিজিএমইএ | পরিচালক |
| ১১ | ব্যারিস্টার তানজিবুল আলম, আইনজীবী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট | পরিচালক |
| ১২ | জনাব নুর ই খোদা আব্দুল মবিন, এফসিএ, ব্যবস্থাপনা পরিচালক, ইমার্জিং রিসোর্সেস লিঃ, পার্ক রোড, বারিধারা, ঢাকা। | পরিচালক |
| ১৩ | ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড | পরিচালক (পদাধিকারবলে) |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিলুফার জেসমিন খান**
সিনিয়র সহকারী সচিব।

---

**পর্যটন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০১ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং ৩০.০১৫.০১১.০০.০০.০০১.২০০১-০২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ২৮-১২-২০১৫ তারিখের ৩০.০১৫.০১১.০০.০০.০০১.২০০১-৪৬৩ সংখ্যক প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড এর পরিচালনা পর্ষদের পরিচালক এয়ার কমোডর লুৎফর রহমান, এনডিইউ, পিএসসি (অবঃ)-এর নিয়োগের মেয়াদ ০১-০১-২০১৭ তারিখ হতে ০১(এক) বছর বৃদ্ধিপূর্বক নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর ব্যবস্থাপনা পরিচালক পদে চুক্তিভিত্তিতে পুনঃনিয়োগ প্রদান করলেন:

**শর্তাবলী:**

(ক) মূল বেতন-মাসিক টাকা ৪০,০০০/-(চল্লিশ হাজার);

(খ) বাড়ী ভাড়া-মাসিক টাকা ২৫,০০০/-(পঁচিশ হাজার);

(গ) সার্বক্ষণিক গাড়ী ব্যবহার এবং প্রতি মাসে সর্বোচ্চ ৪৫০ লিটার জ্বালানী;

(ঘ) অন্যান্য সুযোগ সুবিধা বিএসএল এর প্রাপ্যতা অনুযায়ী;

(ঙ) বেতন হইতে পেনশন ভাতা বাদ দিতে হবে; এবং

(চ) "কোন কারণ না দর্শাইয়া যে কোন পক্ষ হইতে ০১(এক) মাসের নোটিশ অথবা তৎপরিবর্তে এক মাসের বেতন প্রদান সাপেক্ষে এই চুক্তি বাতিল করা যাবে।"

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা ০১-০১-২০১৭ তারিখ হইতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সামিহা ফেরদৌসী**
সিনিয়র সহকারী সচিব।

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**সংস্থা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ মাঘ ১৪২৩/১৭ জানুয়ারি ২০১৭

**নং ৫৬.০০.০০০০.০২০.৩১.০৪০.১৬-১৯**—বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর জনবল কাঠামোতে নিয়োজিত উপপরিচালক (সিস্টেম), উপপরিচালক (প্রশিক্ষণ) ও সিস্টেম এনালিস্ট পদবি নিম্নোক্তভাবে পরিবর্তন করা হলো:

| ক্র: নং | বর্তমান পদবী | পদসংখ্যা | পরিবর্তিত পদবি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | উপপরিচালক (সিস্টেমস) | ১ | পরিচালক (সিএ অপারেশন ও নিরাপত্তা) |
| ২ | উপপরিচালক (প্রশিক্ষণ) | ১ | পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) |
| ৩ | সিস্টেমস এনালিস্ট | ৮ | এনালিস্ট (নেটওয়ার্ক সিকিউরিটি), এনালিস্ট (ফরেনসিক), এনালিস্ট (বিনিয়োগ গবেষণা), এনালিস্ট (এন্টারপ্রাইজ), এনালিস্ট (এপ্লিকেশন ডেভেলপমেন্ট), এনালিস্ট (মার্কেটিং), এনালিস্ট (গণযোগাযোগ), এনালিস্ট (সফটওয়ার আর্কিটেকচার)। |

**শর্তাবলী:**

(ক) বিদ্যমান বেতন গ্রেড এবং সুবিধাদি অপরিবর্তিত থাকবে;

(গ) বিদ্যমান নিয়োগ বিধিতে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ বশীর আহাম্মেদ**
সহকারী সচিব।

---

**পানি সম্পদ মন্ত্রণালয়**
**উন্নয়ন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ মাঘ ১৪২৩/১৭ জানুয়ারি ২০১৭

**নং ৪২.০০.০০০০.০৩৬.২৪.০১০.১৪(অংশ-১)-১৬**—জাপান আন্তর্জাতিক সহযোগী সংস্থা (JICA) এবং বাংলাদেশ সরকারের আর্থিক সহায়তায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) কর্তৃক বাস্তবায়নাধীন "হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প (বাপাউবো অংশ)" এর কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগের আওতায় ৯টি নতুন হাওর প্রকল্প যথাক্রমে ১) চাঁদপুর হাওর, ২) বাদলা হাওর, ৩) বড় হাওর (নিকলি), ৪) নুন্নীর হাওর, ৫) নওয়াপাড়া হাওর, ৬) নওগাঁ হাওর, ৭) চাতাল হাওর, ৮) দক্ষিণের হাওর ও ৯) সুনাইর হাওর, হবিগঞ্জ পওর বিভাগের আওতায় ১টি নতুন হাওর প্রকল্প (মকর হাওর), সুনামগঞ্জ পওর বিভাগের আওতায় ৩টি নতুন হাওর প্রকল্প যথাক্রমে ১) জালিয়া হাওর, ২) ডাকুয়া হাওর, ৩) ধর্মপাশা রুই বিল (সুনামগঞ্জ অংশ) এবং নেত্রকোণা পওর বিভাগের আওতায় ২টি নতুন হাওর প্রকল্প যথাক্রমে ১) গনেশ হাওর ও ২) ধর্মপাশা রুই বিল (নেত্রকোনা অংশ) মোট ১৪টি নতুন হাওর প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত ভূমি অধিগ্রহণের প্রচলিত আইনের অধীনে এবং উন্নয়ন সহযোগীর সাথে সম্মত পুনর্বাসন কর্মপরিকল্পনা (Resettlement Action Plan-RAP) অনুযায়ী পুনর্বাসন বিষয়ে প্রত্যাশী সংস্থা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে সহায়তা প্রদানের জন্য ০৩(তিন) ধরনের টিম (1) Joint Verification Team (JVT), (2) Property Valuation Advisory Team (PVAT) (3) Grievance Redress Committee (GRC) গঠন করা হলো:

**(1) Joint Verification Team (JVT)**

**কমিটির সংখ্যা: ০৫(পাঁচ)টি।**

i) Joint Verification Team (JVT) for 4 nos. Haors Under Bhairab WD Sub-Division, Kishoreganj;

ii) Joint Verification Team (JVT) for 5 nos. Haors Under Kishoreganj O&M Sub-Division, Kishoreganj;

iii) Joint Verification Team (JVT) for one no. Haor Under Habiganj O&M Division, Habiganj;

iv) Joint Verification Team (JVT) for 3 nos. Haors Under Sunamganj O&M Division, Sunamganj; and

v) Joint Verification Team (JVT) for 2 nos. Haors Under Netrokona O&M Division, Netrokona.

**গঠন:**

| | | |
|---|---|---|
| (ক) | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি<br>(উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/সমপর্যায়ের কর্মকর্তা) | আহ্বায়ক |
| (খ) | সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (গ) | সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব) বা সহকারী রাজস্ব কর্মকর্তা<br>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| (ঘ) | পুনর্বাসন কর্মপরিকল্পনা বাস্তবায়নকারী সহযোগী সংস্থা/প্রতিষ্ঠানের প্রতিনিধি<br>(এরিয়া ম্যানেজার অথবা সমপর্যায়ের কর্মকর্তা/বিশেষজ্ঞ) | সদস্য-সচিব |

**কার্য পরিধি:**

(ক) পুনর্বাসন কর্মসূচি প্রণয়নকালে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড তার পরামর্শকের সহায়তায় আর্থ-সামাজিক জরিপের মাধ্যমে প্রকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের তালিকা ও ক্ষতিগ্রস্ত সম্পদের পরিমাণ এবং অধিগ্রহণের আওতায় যৌথ জরিপের মাধ্যমে প্রস্তুতকৃত ক্ষতিগ্রস্তদের তালিকা ও ক্ষতির পরিমাণ যাচাইপূর্বক সমন্বয় করে পুনর্বাসনের জন্য চূড়ান্ত তালিকা প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট রেকর্ডপত্রে স্বাক্ষর করে তা প্রকল্প পরিচালকের নিকট পেশ করবে।

(খ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রস্তাবিত প্রকল্প সীমানায় অবস্থিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিজস্ব বা সরকারের জমিতে দীর্ঘদিন যাবত বসবাসকারীদের সনাক্ত করে প্রকল্প পরিচালকের নিকট তালিকা পেশ করবে।

(গ) প্রকল্পের পুনর্বাসন বাস্তবায়নকাল অনুসরণে উপর্যুক্ত কার্যাদি সম্পাদন করে প্রয়োজনীয় কাগজপত্র/প্রতিবেদন সত্যকরণপূর্বক সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের নিকট পেশ করবে।

**(2) Property Valuation Advisory Team (PVAT)**

**কমিটির সংখ্যা: ০৫(পাঁচ)টি।**

i) Property Valuation Advisory Team (PVAT) for 4 nos. Haors Under Bhairab WD Sub-Division;
ii) Property Valuation Advisory Team (PVAT) for 5 nos. Haors Under Kishoreganj O&M Sub-Division;
iii) Property Valuation Advisory Team (PVAT) for one no. Haor Under Habiganj O&M Division;
iv) Property Valuation Advisory Team (PVAT) for 3 nos. Haors Under Sunamganj O&M Division; and
v) Property Valuation Advisory Team (PVAT) for 2 nos. Haors Under Netrokona O&M Division.

**গঠন:**

| | | |
|---|---|---|
| (ক) | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি<br>(উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/সমপর্যায়ের কর্মকর্তা) | আহ্বায়ক |
| (খ) | সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (গ) | সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব) বা সহকারী রাজস্ব কর্মকর্তা<br>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| (ঘ) | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান<br>(ক্ষতিগ্রস্ত ব্যক্তি যে ইউনিয়নে নালিশ লিপিবদ্ধ করবেন) | সদস্য |
| (ঙ) | পুনর্বাসন কর্মপরিকল্পনা বাস্তবায়নকারী সহযোগী সংস্থা/প্রতিষ্ঠানের প্রতিনিধি<br>(এরিয়া ম্যানেজার অথবা সমপর্যায়ের কর্মকর্তা/বিশেষজ্ঞ) | সদস্য-সচিব |

**কার্য পরিধি:**

(ক) অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত ভূমি ও অন্যান্য সম্পদের মূল্য বাজার দর অনুযায়ী ভূমি ও অন্যান্য সম্পদের বদলি মূল্য নিরূপণে আইনানুগভাবে নির্ধারিত কর্তৃপক্ষকে সনাক্তকরণ।

(খ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও অন্যান্য সরকারি জমিতে অবস্থানরত ব্যক্তিদের ক্ষতিগ্রস্ত সম্পদের মূল্য বাজার দর অনুযায়ী সম্পদের বদলিমূল্য নিরূপণে আইনানুগভাবে নির্ধারিত কর্তৃপক্ষকে সনাক্তকরণ।

(গ) ক্ষতিপূরণের চেক বিতরণে সঠিকতা নিরূপণে সহায়তাকরণ।

(ঘ) ঘরবাড়ি/অবকাঠামো/গাছপালা/ফসল ইত্যাদির ক্ষতিপূরণ মূল্য নিরূপণে সংশ্লিষ্ট বিভাগকে সহায়তাকরণ।

(ঙ) প্রকল্পের পুনর্বাসন বাস্তবায়নকাল অনুসরণে উপর্যুক্ত কার্যাদি সম্পাদন করে প্রয়োজনীয় কাগজপত্র/প্রতিবেদন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও জেলা প্রশাসকের কাছে পেশকরণ।

**(3) Grievance Redress Committee (GRC)**

**কমিটির সংখ্যা: ০৪(পাঁচ)টি।**

i) Grievance Redress Committee (GRC) for Kishoreganj Water Development Division;
ii) Grievance Redress Committee (GRC) for Habiganj O&M Division;
iii) Grievance Redress Committee (GRC) for Sunamganj O&M Division; and
iv) Grievance Redress Committee (GRC) for Netrokona O&M Division.

**গঠন:**

| | | |
|---|---|---|
| (ক) | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী | আহ্বায়ক |
| (খ) | সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব) বা সহকারী রাজস্ব কর্মকর্তা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| (গ) | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ক্ষতিগ্রস্ত ব্যক্তি যে ইউনিয়নে নালিশ লিপিবদ্ধ করবেন) | সদস্য |
| (ঘ) | ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রতিনিধি | সদস্য |
| (ঙ) | পুনর্বাসন কর্মপরিকল্পনা বাস্তবায়নকারী সহযোগী সংস্থা/প্রতিষ্ঠানের প্রতিনিধি (এরিয়া ম্যানেজার অথবা সমপর্যায়ের কর্মকর্তা/বিশেষজ্ঞ) | সদস্য-সচিব |

**কার্য পরিধি:**

(ক) প্রকল্প গ্রহণের কারণে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের নালিশ এবং শুনানী গ্রহণ।

(খ) ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের নালিশ যদি ভূমি অধিগ্রহণ এর সালিশ (Arbitration) পদ্ধতি অথবা প্রচলিত আইনের আওতাভুক্ত কোন বিষয় হয়, তবে এ কমিটি উক্ত নালিশ সংশ্লিষ্ট জেলা প্রশাসক/যথাযথ কর্তৃপক্ষের নিকট পেশ করার পরামর্শ দিবে। নালিশ যদি প্রচলিত আইনের আওতাভুক্ত না হয় সেক্ষেত্রে প্রকল্পের পুনর্বাসন পরিকল্পনা (Resettlement Plan) এর নীতিমালার আলোকে বিষয়সমূহ নিষ্পত্তির ব্যাপারে কমিটি কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ।

(গ) ভূমিহীন ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের নালিশ কার্যে এ কমিটি কর্তৃক বর্ণিত পদ্ধতি অবলম্বনপূর্বক সিদ্ধান্ত প্রদান।

**নালিশ গ্রহণ ও নিষ্পত্তি করার পদ্ধতি:**

(ক) ক্ষতিগ্রস্ত ব্যক্তি পরিচয়পত্র প্রাপ্তির ০১(এক) মাসের মধ্যে অথবা প্রাপ্য ক্ষতিপূরণ সম্বন্ধে তাকে অবহিত করার ০১(এক) মাসের মধ্যে লিখিতভাবে আহ্বায়কের কার্যালয়ে আবেদন করতে পারবেন।

(খ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি ও সংশ্লিষ্ট এনজিও'র প্রতিনিধির যৌথ স্বাক্ষরে ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে পরিচয়পত্র প্রদান করা হবে।

(গ) এ কমিটি নালিশ প্রাপ্তির ০৩(তিন) মাসের মধ্যে বিষয়টি নিষ্পত্তির জন্য বসবেন এবং এ সংক্রান্ত যাবতীয় রেকর্ড ও সভার কার্যবিবরণী সংরক্ষণ করবেন।

(ঘ) আহ্বায়কের কার্যালয়ে এ কমিটির যাবতীয় কাজ অনুষ্ঠিত হবে।

(ঙ) কমিটি নালিশ প্রতিকার সংশ্লিষ্ট নিয়মাবলী এবং এ সংক্রান্ত ক্ষতিগ্রস্তদের অধিকার স্থানীয়ভাবে কমিউনিটি সভায় এবং ক্ষুদ্র পুস্তিকা বিলির মাধ্যমে সাধারণ জনসমক্ষে প্রচার করবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সহকারী সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উন্নয়ন-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/১০ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০০৩.২০১৫-২২**—যেহেতু, জনাব মোঃ মোশারফ হোসেন, সিনিয়র সহকারী প্রকৌশলী (চঃদাঃ) এলজিইডির আওতায় ইউনিয়ন সড়ক ও অন্যান্য অবকাঠামো প্রকল্পঃ ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, গাজীপুর, নরসিংদী ও মানিকগঞ্জ জেলা শীর্ষক প্রকল্প, সদর দপ্তর, ঢাকা সাবেক কর্মস্থল নেত্রকোনা জেলার দুর্গাপুর উপজেলায় উপজেলা সহকারী প্রকৌশলী হিসেবে কর্মরত থাকাকালে ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থ বছরে ৭,০০,০০০/-(সাত লক্ষ) টাকা করে মোট ১৪,০০,০০০/-(চৌদ্দ লক্ষ) টাকা ব্যয়ে ফারংপাড়া জিরো পয়েন্টে ভবানীপুর রাস্তায় ফুট ব্রীজ নির্মাণে অনিয়ম করেছেন, উপজেলা পরিষদের আবাসিক কোয়ার্টারের বাউন্ডারী ওয়াল নির্মাণে নিম্নমানের ইট ব্যবহার এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কাজে বরাদ্দকৃত ৫(পাঁচ) লক্ষ টাকা ব্যয়ে আর্থিক অনিয়ম করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় তাঁর দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য স্থানীয় সরকার বিভাগের পরিচালক (যুগ্ম-সচিব), ম.ই.ই. উইং জনাব এ, বি, এম, আরশাদ হোসেনকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধিতে বর্ণিত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে "সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫" এর ৩(বি) বিধিতে বর্ণিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে তাঁকে দোষী সাব্যস্ত করে কেন চাকুরী হতে বরখাস্ত বা অন্য কোন দণ্ড প্রদান করা হবে না তার কারণ দর্শাতে নির্দেশ দেয়া হয় এবং তদন্ত প্রতিবেদনের কপি প্রেরণ করা হয়; এবং

যেহেতু, তিনি জবাব দাখিল করেন;

সেহেতু, আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং অভিযুক্তের সকল জবাব ও দলিলপত্র পর্যালোচনা করে অপরাধের প্রকৃতি বিবেচনায় জনাব মোঃ মোশারফ হোসেন, সিনিয়র সহকারী প্রকৌশলী (চঃদাঃ) এলজিইডির আওতায় ইউনিয়ন সড়ক ও অন্যান্য অবকাঠামো প্রকল্পঃ ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, গাজীপুর, নরসিংদী ও মানিকগঞ্জ জেলা শীর্ষক প্রকল্প, সদর দপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) বিধিতে বর্ণিত লঘুদণ্ড হিসেবে তাঁর বেতন তাঁর বেতন স্কেলের নিম্নধাপে অবনমিত রাখা'র দণ্ড ৩(তিন) বছরের জন্য আরোপ করা হল। ৩(তিন) বছর পর তিনি বর্তমান স্কেলে (অর্থাৎ দণ্ড প্রদানের পূর্বের স্কেলে) বেতন ও বার্ষিক বর্ধিত বেতনাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

---

**উপজেলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ পৌষ ১৪২৩/১১ জানুয়ারি ২০১৭

**নং ৪৬.০৪৬.০২৭.০৮.৩৪.০৩৪.২০১৫-২২**—যেহেতু, জনাব কিশোর রায় চৌধুরী মনি, ভাইস চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ, মৌলভীবাজার এর বিরুদ্ধে দায়েরকৃত জুড়ী থানার মামলা নং-০১, তারিখঃ ০১-০৬-২০১৬ (জিআর ৬৩/১৬) এর অভিযোগপত্র ২৯-০৯-২০১৬ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব কিশোর রায় চৌধুরী মনি, ভাইস চেয়ারম্যান, জুড়ী উপজেলা পরিষদ, মৌলভীবাজার-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জনাব কিশোর রায় চৌধুরী মনিকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

**ড. জুলিয়া মঈন**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ মাঘ ১৪২৩/২২ জানুয়ারি ২০১৭

**নং ৪৬.০৪৫.০২৭.০৮.৯৯.০৯৯.২০১৬-৫৭**—যেহেতু, জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়ারম্যান, মাটিরাঙ্গা উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা এর বিরুদ্ধে দায়েরকৃত খাগড়াছড়ি সদর থানার মামলা নং-০৩, তারিখঃ ০৫-০১-২০১৫ (জি আর ০৭/১৫) এবং সদর থানার মামলা নং-০৪, তারিখঃ ০৬-০১-২০১৫ (জি আর নং-৮/১৫, এসটি মামলা নং-১৩৮/১৬) মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়ারম্যান, মাটিরাঙ্গা উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহিত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে খাগড়াছড়ি পার্বত্য জেলার মাটিরাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলামকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

**লুৎফুন নাহার**
সিনিয়র সহকারী সচিব।